

বাকুবিতে ইউজিসির ৪৪ গবেষণা চলমান

বাকুবি প্রতিনিধি

২৫ ফেব্রুয়ারি ২০২৫, ১২:০০ এএম



বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (বাকুবি) রেজিস্ট্রার ড. মো. হেলাল উদ্দীন বলেছেন, কৃষি খাতে নতুন প্রযুক্তি উদ্ভাবন ও জলবায়ু পরিবর্তনের চ্যালেঞ্জ মোকাবেলায় খাদ্য নিরাপত্তা নিশ্চিত করতে গবেষণার বিকল্প নেই। এ লক্ষ্য অর্জনের জন্য বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) অর্থায়নে বাকুবির বিভিন্ন বিভাগের ৪৪টি এবং জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের ৩টি গবেষণা প্রকল্প চলমান রয়েছে। বাকুবির এই গবেষণা প্রকল্পগুলোর জন্য মোট ১ কোটি ৩১ লাখ ২২ হাজার টাকা বরাদ্দ থাকলেও মুদ্রাস্ফীতির কারণে তা পর্যাপ্ত নয়। বরাদ্দ বাড়ানো হলে আরও বেশি শিক্ষার্থী গবেষণায় যুক্ত হতে পারবে, যা গবেষণার গুণগতমান উন্নয়নে সহায়ক হবে। গতকাল এক সংবাদ সম্মেলনে তিনি এ কথা বলেন।